

# চন্দননগরে বায়ো গ্যাস প্রকল্পকে ছাড়পত্র রাজ্য সরকারের, ব্যস্ততা তুঙ্গে

## জগ্গাল নিয়ে দুশ্চিন্তার অবসান

নিজস্ব প্রতিনিধি, চুঁচুড়া: চন্দননগরে ২৫ কোটি টাকার 'বর্জ্য থেকে বায়ো গ্যাস' প্রকল্পকে ছাড়পত্র দিল রাজ্য সরকার। সম্প্রতি ওই ছাড়পত্র আসতেই চন্দননগর পুরসভার জোর তৎপরতা শুরু হয়েছে। পুরকর্তারা, পচনশীল বর্জ্য থেকে জ্বালানি গ্যাস তৈরির প্রকল্প দ্রুত কার্যকর করতে কার্যত আদাজল খেয়ে নেমেছেন। পুরসভা সূত্রে জানা গিয়েছে, ইতিমধ্যেই যে সমস্ত বেসরকারি সংস্থা বায়ো গ্যাসের কারখানা তৈরি করেছে, তাদের কাছে 'আগ্রহপত্র' চাওয়ার প্রক্রিয়া শুরু হয়েছে। পুরসভা, ২০২৪ সালের জানুয়ারির মধ্যেই চুক্তিপত্রের কাজ শেষ করতে চাইছে।

ওই প্রকল্পের সঙ্গে চুঁচুড়া পুরসভা ও চুঁচুড়া-মগরা ব্লকের বিস্তীর্ণ অংশকে রাজ্য সরকার জুড়ে দিয়েছে। ফলে প্রকল্প কেন্দ্র হিসেবে চন্দননগরের উপরে চাপ বাড়ছে। চন্দননগরের মেয়র রাম চক্রবর্তী বলেন, সরকারি ছাড়পত্র মিলতেই আমরা দ্রুত প্রকল্প শেষ করার চেষ্টা করছি। চন্দননগরের পাশাপাশি, চুঁচুড়া এবং চুঁচুড়া-মগরা ব্লক থেকেও আমরা কাঁচামাল নেব। তাতে বায়ো গ্যাসের উৎপাদন বাড়বে। এক পুরকর্তা বলেন, আমরা পুরসভার বর্জ্য সামাল দিতে যে টাকা ব্যয় করি, তা এক ধাক্কায়

অনেকটাই কমে যাবে। আবার, আমরা কারখানা থেকেও টাকা পাব। পুরসভা দু'দিক থেকে লাভবান হবে। হুগলির মগরা ১ নম্বর গ্রাম পঞ্চায়েতের প্রধান রঘুনাথ ভৌমিক বলেন, চন্দননগরের বায়ো গ্যাস প্রকল্পের দিকে আমরাও তাকিয়ে আছি। আমাদের পঞ্চায়েতে প্রচুর আবর্জনা মজুত হয়।

২০২২ সালে পুরসভার সমীক্ষায় দেখা যায়, এলাকার ৩৩টি ওয়ার্ড থেকে প্রতিদিন যে বর্জ্য পাওয়া যায়, তাতে একটি বায়ো গ্যাস কারখানার প্রয়োজনীয় কাঁচামাল সরবরাহ করা সহজসাধ্য। সেই সময় পুরসভার ভাগাড়ে প্রচুর আবর্জনা জমে কার্যত পাহাড় তৈরি হয়েছিল। ঘরে বাইরে তা নিয়ে প্রশ্নের মুখে পড়তে হচ্ছিল পুরসভাকে। ২০২৩ সালের শুরুতেই চন্দননগর পুরসভা বর্জ্য ব্যবস্থাপনায় পচনশীল অর্থাৎ বায়ো ডিগ্রেডেবল বর্জ্য থেকে গ্যাস তৈরির প্রকল্প হাতে নেয়। কিন্তু তা সরকারি অনুমোদনের অপেক্ষায় ছিল। অবশেষে সেই ছাড়পত্র মিলেছে। সেইসঙ্গে প্রকল্পে কাঁচামালের জোগান অর্থাৎ বর্জ্য বাড়াতে চুঁচুড়া পুরসভা ও চুঁচুড়া-মগরা ব্লককে প্রকল্পে সংযুক্ত করা হয়েছে। ফলে, আরও বিস্তীর্ণ এলাকার বর্জ্য এলে জোগানের সমস্যা আর থাকবে না।

## CORPORATE BUZZ

### Bengal Gas Company Limited gets new CEO



Anupam Mukhopadhyay has taken charge as chief executive officer (CEO) in Bengal Gas Company Limited (BGCL) from January 16. He graduated as an electrical engineer from IIT, Kharagpur. He has rich and diverse experience encompassing more than 33 and half years in the Oil & Gas Sector with a special aptitude in Digital Transformation, Analytics and Process Improvement. Before

Joining BGCL, he was managing director in Aavantika Gas Limited. Under his leadership, Aavantika Gas Limited started H<sub>2</sub> blending in CGD network and biogas consumption through cascade and PNG network. Prior to this, he served as chief operating officer (COO) of GAIL Gas Limited, a wholly owned subsidiary of GAIL (India) Limited, engaged in city gas distribution business. Prior to this assignment, he served in the National Gas Management Centre of GAIL India Limited located in Noida. At present, Mukhopadhyay is executive director — CGD (MKTG) in GAIL (India) Limited and is CEO in BGCL.